

Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | জেলার খবর | 27 March, 2025

ঈদ-উল-ফিতর উদযাপন উপলক্ষে বাড়ি ফেরা মানুষের কাছ থেকে বাড়তি ভাড়া আদায়ের অভিযোগে তিন বাস কাউন্টারকে ১৫ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার (২৭ মার্চ) চট্টগ্রাম নগরীর সাগরিকা, অলংকার, কর্ণেলহাট ও এ.কে খানে বিভিন্ন বাস কাউন্টারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এই জরিমানা করা হয়। অভিযানে নেতৃত্ব দেন বিআরটিএ চট্টগ্রাম-১১ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ জাকারিয়া।

তিনি জানান, ঈদ উপলক্ষে বা কোন অজুহাতে যাত্রী সাধারণের কাছ থেকে অতিরিক্ত ভাড়া আদায় করার অভিযোগে তাৎক্ষণিক বিআরটিএ'র ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে জেল-জরিমানার ব্যবস্থা করা হয়। আজ পরিচালিত অভিযানে অতিরিক্ত ভাড়া আদায়ের অভিযোগে তিনটি বাস কাউন্টারের প্রত্যেককে ৫ হাজার টাকা করে মোট ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। একই সাথে অতিরিক্ত ভাড়া আদায়ের অভিযোগে শাহী ও জোনাকি পরিবহনসহ আরও বেশ কয়েকটি পরিবহন থেকে অতিরিক্ত আদায়কৃত ভাড়া যাত্রীদের মাঝে ফেরত দেওয়া হয়। ঈদের আগে ও পরে অভিযান অব্যাহত থাকবে বলে জানান নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ জাকারিয়া।

অভিযানে উপস্থিত ছিলেন, সিএমপি ট্রাফিক বিভাগের এডিসি (উত্তর) মো. নাজিম উদ্দিন, বিআরটিএ চট্টগ্রাম জেলা সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) রায়হানা আক্তার উর্ষি, চট্টগ্রাম সড়ক পরিবহন মালিক গ্রুপের সভাপতি মো. খোরশেদ আলম।

ভ্রাম্যমাণ আদালত নির্বাহী ম্যাজিস্ট্রেট অভিযান

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 April, 2025 02:45

URL: <https://timestodaybd.com/countrywide/133431103>